নিউ সাউথ ওয়েলস হোটেল কোয়ারান্টাইন কর্মীর নজরদারি ও পরীক্ষা করার কার্যক্রম

পাবলিক হেল্‌থ (কোভিড-১৯ এয়ার ট্রান্সপোর্টেশন কোয়ারান্টাইন) অর্ডার (নং ৪) ২০২০ এর অধীনে, কোন কর্মীর কোন মনোনীত কোয়ারান্টাইন ব্যবস্থাপনার সংজ্ঞার আওতায় আসতে হলে, সে ব্যক্তি অবশ্যইঃ

- নিউ সাউথ ওয়েলসের পরীক্ষা কার্যক্রমে নির্দিষ্ট করা এমন কোন ব্যক্তি হবেন যাঁর উপর পরীক্ষার বাধ্যবাধকতা প্রযোজ্য হয়; এবং
- যিনি কোন কোয়ারান্টাইন হোটেল সংক্রান্ত বিষয়ে কাজ করেন বা পরিষেবা দান করেন; এবং
- তিনি হয় কোন পুলিশ অফিসার, কোন কোয়ারান্টাইন ব্যবস্থাপনায় কোন ব্যক্তিকে ডাক্তারি চিকিৎসা বা যত্ন করার উদ্দেশে গমন/প্রবেশ করছেন, না হয় ব্যবস্থাপনার কাজকর্ম পরিচালনা করছেন বা ব্যবস্থাপনাটির সাধারণ পরিচালনার জন্য প্রয়োজনীয় পরিষেবা দান করছেন।

মিনিস্ট্রি অব হেল্‌থ নির্দিষ্ট করেছে যে নিউ সাউথ ওয়েলস পরীক্ষা কার্যক্রমের নিম্নলিখিত ব্যক্তিগণ হলেন সেই সব ব্যক্তি যাঁদের উপর এই আদেশের অধীনে পরীক্ষার বাধ্যবাধকতা প্রযোজ্য হয়।

সচরাচর জিজ্ঞাসা করা প্রশ্নাবলী

হোটেল কোয়ারান্টাইন ব্যবস্থাপনার কর্মীদের নিয়মিত কোভিড-১৯ পরীক্ষা করার উদ্দেশ্য কি?

পাবলিক হেল্‌থ (কোভিড-১৯ এয়ার ট্রান্সপোর্টেশন কোয়ারান্টাইন) অর্ডার (নং ৪) ২০২০ এর প্রয়োজন অনুসারে নিউ সাউথ ওয়েলস হেল্‌থ আমাদের কোয়ারান্টাইন ব্যবস্থাপনায় কর্মরত কোন কোন কর্মচারীর প্রতি যত্ন ও সাবধানতার জন্য হোটেল কোয়ারান্টাইন ব্যবস্থাপনার কর্মীদের উপর নিয়মিত কোভিড-১৯ পরীক্ষা করা বাস্তবায়ন করছে। যেহেতু জগৎব্যাপী কোভিড-১৯ রোগীর সংখ্যা বেড়ে যাচ্ছে এবং অধিকতর ব্যক্তিরা বিদেশ থেকে অস্ট্রেলিয়ায় ফিরে আসছে, আমরা অধিকতর সংখ্যায় রোগীদেরকে কোয়ারান্টাইন ব্যবস্থাপনায় দেখতে পাচ্ছি। এই পরীক্ষা রোগের প্রারম্ভিক সতর্কতা সংকেত হিসাবে কাজ করে – এমন কি কারো কোন লক্ষণ দেখা দেওয়ার আগেই।

মুখের লালা পরীক্ষা কিভাবে কাজ করে?

এই নূতন কার্যক্রম ঘনঘন মুখের লালা পরীক্ষা ব্যবহার করবে। লালা সংগ্রহ বেদনাহীন ও অল্প সময় নেয়। লেবেলে ব্যক্তিগত বিবরণ সঠিক কি না পরীক্ষা করুন ও সেটা টিউবের উপর লাগিয়ে দিন। পরীক্ষার সোয়াবটি ৩০ সেকেণ্ডের জন্য জিহ্বার উপর রাখুন এবং সাবধানে মুখ থেকে বের করুন যেন ঠোঁটে ছোঁয়া না লাগে। সোয়াবটি দেওয়া টিউবের মধ্যে রাখুন, কাঠিটি ভেঙ্গে ফেলুন, শক্ত করে স্ক্রু পেঁচিয়ে ঢাকনাটি লাগিয়ে দিন এবং নমুনা ব্যাগের মধ্যে রাখুন।

মুখের লালা পরীক্ষা কি কোভিড-১৯ ছাড়া আর কিছু দেখতে পায় (এলকোহল, অন্যান্য ওষুধপত্র, বিনোদনমূলক নেশার বস্তু, গর্ভাবস্থা)?

না। এই পরীক্ষা শুধু কোভিড-১৯ এর উপস্থিতি ধরবে।

মুখের লালা পরীক্ষা কি আগেকার কোভিড-১৯ সংক্রমণ ধরতে পারে?

© NSW Ministry of Health 2021

আগেকার কোভিড-১৯ সংক্রমণের প্রমাণ এতে থাকতে পারে।

সমাজের অন্যান্য সদস্যরা কি নাকে ও গলায় সোয়াবের পরিবর্তে মুখের লালা পরীক্ষা করাতে পারে?

দুর্ভাগ্যক্রমে না। লক্ষণ দেখা দেওয়া যে কোন ব্যক্তির জন্য নাকে এবং গলায় সোয়াব পরীক্ষা হলো সবচেয়ে নির্ভুল রোগনির্ণয়মূলক পরীক্ষা। বর্তমানে, মুখের লালা পরীক্ষা লক্ষণ দেখা না দেওয়া ব্যক্তিদের জন্য (যাঁদের কোন লক্ষণ নাই) ছাঁকনি-পরীক্ষা হিসাবে ব্যবহার করা হয়।

অন্যান্য উচ্চ-ঝুঁকির গোষ্ঠীরা কি মুখের লালা পরীক্ষা করাতে পারে? যেমন, স্বাস্থ্যসেবার কর্মীগণ?

এই পর্যায়ে, যাঁরা আন্তর্জাতিক ভ্রমণের অগ্রভাগে রয়েছেন তাঁদের উপর আমরা দৃষ্টি কেন্দ্রীভূত করেছি – যাঁরা বিমানবন্দরে, সমুদ্রবন্দরে, এবং হোটেল কোয়ারান্টাইনে রয়েছেন। সরকার অন্যান্য গোষ্ঠীদেরকে ভবিষ্যতে প্রয়োজনানুসারে বিবেচনা করবে।

আমার ছোট শিশুর কোভিড-১৯ এর লক্ষণ রয়েছে – তারা কি নাকে ও গলায় সোয়াবের পরিবর্তে মুখের লালা পরীক্ষা করাতে পারে?

দুর্ভাগ্যক্রমে না। লক্ষণ দেখা দেওয়া যে কোন ব্যক্তির জন্য নাকে এবং গলায় সোয়াব পরীক্ষা হলো সবচেয়ে নির্ভুল রোগনির্ণয়মূলক পরীক্ষা। বর্তমানে, মুখের লালা পরীক্ষা লক্ষণ দেখা না দেওয়া ব্যক্তিদের জন্য (যাঁদের কোন লক্ষণ নাই) ছাঁকনি-পরীক্ষা হিসাবে ব্যবহার করা হয়।

এই পরীক্ষা কতটা নির্ভুল?

এই পরীক্ষা বহু ভিন্নদেশী পরিবেশে ইতিবাচক ফলাফল দেখিয়েছে। এটা ভাইরাস ধরতে মোটামুটি ৮৩% - ৮৫% সংবেদী। যা সংবেদনশীলতার মাপে (ভাইরাস থাকলে তা ধরার ক্ষমতা) ধরা না পরে তা ছাঁকনি-পরীক্ষার বর্ধিত পৌনঃপুনিকতায় পূরণ হয়ে যায়।

ঘনঘন পরীক্ষার ঝুঁকি কি কি? আমার মুখে কি ব্যথা হতে পারে? প্রতিদিন গ্রহণের জন্য কেমিকেলগুলি কি নিরাপদ?

ঘনঘন পরীক্ষার সঙ্গে জড়িত কোন ঝুঁকি নেই। সোয়াব আপনার মুখে ব্যথা সৃষ্টি করবে না, এটা আরামের সঙ্গে আপনার জিহ্বার উপর থাকবে। সোয়াবে কোন কেমিকেল নেই, এটা শুধু আপনার লালা শুষে নিবে।

আমার পরীক্ষার ফল হাঁ-বাচক হলে কী হবে?

আপনার লালা পরীক্ষা ভাইরাস সনাক্ত করলে আপনাকে তৎক্ষণাৎ স্ব-বিচ্ছিন্ন করতে বলা হবে এবং আপনাকে আরও রোগনির্ণয়মূলক পরীক্ষা করাতে হবে। এমন ঘটলে নিউ সাউথ ওয়েলস হেল্‌থের কোন সদস্য আপনাকে বলবেন কী করতে হবে।

আমার আশংকা আমার পরীক্ষার ফল হাঁ-বাচক হলে আমি চাকরি হারাতে পারি।

যে কোন লোকের কোভিড-১৯ হতে পারে। এই সংগ্রামে সমাজ হলো মূল সহযোগী। অগ্রবর্তী হয়ে আপনি সমাজকে এই মহামারীর বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করছেন। এই মহামারীর বিরুদ্ধে সম্মিলিতভাবে লড়াই করতে আমাদের একটি সমন্বিত পথ নিশ্চিত করার জন্য নিউ সাউথ ওয়েলস আমাদের হোটেল অংশীদারদের সঙ্গে অত্যন্ত ঘনিষ্ঠভাবে কাজ করে।

আমার পরীক্ষার ফল হাঁ-বাচক হলে আমি চাই না সংবাদসংস্থা তা জানুক – আমার কোভিড রোগ হয়েছে জানতে পারলে আমার সমাজ ক্ষুব্ধ হতে পারে।

সব পরীক্ষার ফলাফল এবং রোগীরা গোপন থাকবে এবং তথ্যাবলী কেবলমাত্র গোপনীয়তা আইন মোতাবেক ব্যবহার ও প্রকাশ করা হবে।

আমি পরীক্ষা না করালে কী হবে?

© NSW Ministry of Health 2021

নজরদারি পরীক্ষা নিরাপত্তার একটি গুরুত্বপূর্ণ পরিমাপ এবং কোন গণস্বাস্থ্য ব্যবস্থা তা সমর্থন করবে। আপনি যদি কোন মনোনীত কোয়ারান্টাইন ব্যবস্থার কর্মী হন এবং আপনি পাবলিক হেল্‌থ (কোভিড-১৯ এয়ার ট্রান্সপোর্টেশন কোয়ারান্টাইন) অর্ডার (নং ৪) ২০২০ এর অধীনে পরীক্ষা প্রত্যাখ্যান করেন তাহলে আপনি কোয়ারান্টাইন ব্যবস্থায় ঢুকতে পারবেন না। আপনার সঙ্গে আপনার নিয়োগ ব্যবস্থা সম্বন্ধে নিয়োগকর্তার আলোচনা করার দরকার হবে।

আমার কোভিড-১৯এর লক্ষণ থাকলে আমি কি নাকে সোয়াবের পরিবর্তে মুখের লালা পরীক্ষা করাতে পারি?

দুর্ভাগ্যক্রমে না। লক্ষণ দেখা দেওয়া যে কোন ব্যক্তির জন্য নাকে এবং গলায় সোয়াব পরীক্ষা হলো সবচেয়ে নির্ভুল রোগনির্ণয়মূলক পরীক্ষা। মুখের লালা পরীক্ষা কেবলমাত্র লক্ষণহীন ব্যক্তিদের জন্য ছাঁকনি-পরীক্ষা হিসাবে ব্যবহার করা হয়।

নজরদারি পরীক্ষা করাতে আমার কত খরচ হবে?

পরীক্ষা আপনার ও আপনার নিয়োগকর্তা উভয়ের জন্য মূল্যহীন।

ফলাফল পেতে কত দেরী হয়?

পরীক্ষার ফলাফল কেবলমাত্র হাঁ-বাচক হলে তা জানানো হবে। এটা সাধারণত ২৪ ঘন্টার মধ্যে জানানো হবে। হাঁ-বাচক ফলাফল না পেলে ধরে নিন যে আপনার ফলাফল নেতিবাচক।

মুখের লালা পরীক্ষা করা কখন শুরু হবে?

কার্যক্রম সোমবার ১৪ ডিসেম্বর ২০২০ হতে পর্যায়ক্রমে শুরু হবে।

মুখের লালা সোয়াব পরীক্ষার পর আমাকে কি স্ব-বিচ্ছিন্ন করতে হবে?

না। আপনাকে স্ব-বিচ্ছিন্ন করতে হবে কেবলমাত্র যদি আপনার লক্ষণ দেখা দেয় বা কোন রোগীর সংস্পর্শে আসেন।

আর কাকে কাকে পরীক্ষা করা হবে?

এই পর্যায়ে, কেবলমাত্র কোন কোয়ারান্টাইন ব্যবস্থাপনায় কর্মরত নিরাপত্তা কর্মীদেরকে পরীক্ষা করা দরকার। সরকার প্রয়োজন মোতাবেক অন্যান্য গোষ্ঠীগুলিকে বিবেচনা করবে।

এতে কি ব্যথা লাগবে?

না। পরীক্ষা বেদনাহীন, প্রসারণশীল নয় এবং প্রায় ১ মিনিট সময় নেয়।

আমার যখন লক্ষণ নেই তবে কেন আমাকে পরীক্ষা করা হচ্ছে?

মুখের লালা পরীক্ষাকে একটি কার্যকর প্রারম্ভিক সতর্কতা ধরার যন্ত্র হিসাবে দেখানো হয়েছে। পরীক্ষাটি কারো লক্ষণ দেখা দেওয়ার আগেই আমাদেরকে রোগের পথ অনুসরণ করার সুযোগ দিবে।

আমি কি কোভিড-১৯ রোগের উচ্চ ঝুঁকিগ্রস্থ?

হাজার হাজার লোক নিউ সাউথ ওয়েলস কোয়ারান্টাইনের মাধ্যমে নিরাপদে অস্ট্রেলিয়া ফিরে এসেছে। যদিও আমরা আমাদের কার্যধারার উপর আস্থাশীল, আমরা স্বীকার করি যে যখন জগৎ জুড়ে কোভিড-১৯ রোগীর সংখ্যা বাড়ছে, তখন অস্ট্রেলিয়া ফিরে আসা আন্তর্জাতিক ভ্রমণকারীদের মধ্যে সংক্রমণের হার বৃদ্ধি পাবে।

আমি যদি মুখের লালা পরীক্ষা করি এবং সে দিনই পরে রোগের লক্ষণ দেখা দেয় বা পরের দিন, তাহলে আমি কী করব?

আপনি কাজে যাবেন না, নাকে এবং গলায় সোয়াব পরীক্ষা করান, এবং ফলাফল না পাওয়া পর্যন্ত স্ব-বিচ্ছিন্ন থাকুন।

© NSW Ministry of Health 2021